গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
www.narsingdi.gov.bd

স্মারক নং- ৫১.০১.৬৮০০.০০৮.২০.০২১.২৬-৩৬৪

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩ ব.
১০ মে ২০২৬ খ্রি.

বিষয় : ২০২৫-২০২৬ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৬ উপলক্ষ্যে ভিজিএফ খাদ্যশস্য (চাল) সহায়তা উপবরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০৩/০৫/২০২৬ তারিখের ৫১.০১.০০০০.০০০.০১৮.২০.০০৩২.-২৫-২০৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৬ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় দেশের অতিদরিদ্র, অসহায় ও দু:স্থ পরিবারের জন্য কার্ড প্রতি ১০ (দশ) কেজি হারে বিনামূল্যে ভিজিএফ খাদ্যশস্য (চাল) প্রদানের লক্ষ্যে নরসিংদী জেলায় ৬টি উপজেলায় ৪৫,৭৫১ টি কার্ডের বিপরীতে বরাদ্দকৃত ৪৫৭.৫১০ মে:টন (চাল) ভিজিএফ খাদ্যশস্য (চাল) বরাদ্দপত্রে বিভাজন অনুযায়ী নিম্নোক্তভাবে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে শর্ত সাপেক্ষে ২০/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অনুমোদিত তালিকায় বিতরণ করার জন্য উপবরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক নম্বর | উপজেলার নাম | বরাদ্দকৃত কার্ড সংখ্যা | উপবরাদ্দকৃত ভিজিএফ খাদ্যশস্য (চাল) মে:টন |
|---|---|---|---|
| ১ | বেলাবো | ৫,৯৭৪ টি | ৫৯.৭৪০ (উনষাট দশমিক সাত চার শূন্য) মে:টন |
| ২ | মনোহরদী | ৭,২৯৫ টি | ৭২.৯৫০ (বাহাত্তর দশমিক নয় পাঁচ শূন্য) মে:টন |
| ৩ | নরসিংদী সদর | ৬,৩৩৭ টি | ৬৩.৩৭০ (তেষট্টি দশমিক তিন সাত শূন্য) মে:টন |
| ৪ | পলাশ | ২,২৩২ টি | ২২.৩২০ (বাইশ দশমিক তিন দুই শূন্য) মে:টন |
| ৫ | রায়পুরা | ১৮,৯৬৩ টি | ১৮৯.৬৩০ (একশত উননব্বই দশমিক ছয় তিন শূন্য) মে:টন |
| ৬ | শিবপুর | ৪,৯৫০ টি | ৪৯.৫০০ ( উনপঞ্চাশ দশমিক পাঁচ শূন্য শূন্য) মে:টন |
| মোট | ০৬ (ছয়) টি | ৪৫,৭৫১ টি | ৪৫৭.৫১০ (চারশত সাতান্ন দশমিক পাঁচ এক শূন্য) মে:টন |

শর্তাবলি:

০১. উক্ত ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করতে হবে ।

০২. ২০২৬ সালের ঈদ-উল- আযহায় ভিজিএফ বরাদ্দ সংখ্যা ২০২৫ সালের অনুরূপ হইবে ।

০৩.নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত Vulnerable Group Feeding (VGF) এর প্রকৃত উপকারভোগী যাচাই বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / প্যানেল চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওয়ার্ড/ এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির (১ জন পুরুষ ও ১ জন নারী) সমন্বয়ে গঠিত বাছাই কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে ।

০৪. বরাদ্দকৃত ভিজিএফ খাদ্যশস্য অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।

০৫.প্রতিদিন বিতরণকৃত চালের (কার্ডের) পরিমাণ পরবর্তী কার্যদিবসে এবং সম্পূর্ণ বিতরণ শেষে সমাপ্তি প্রতিবেদন এ কার্যালয়ে ০৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।

০৬ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে ভিজিএফ খাদ্যশস্য সহায়তা বিতরণ করা হচ্ছে, বিষয়টি সকল ইলেট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে এবং ভিজিএফ বিতরণে নমুনা মোতাবেক (সংযুক্ত) ব্যানার রাখতে হবে।

০৭, উপজেলা নির্বাহী অফিসারগণ উপ-বরাদ্দ পত্রটি তার ওয়েবসাইটে আপলোড করবেন এবং উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দ পত্র আপলোড করবেন।

০৮, বরাদ্দকৃত চালের ব্যয় চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৩ - ভিজিএফ কার্যক্রম - অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি- ৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল) খাত হতে নির্বাহ করা হবে।

০৯. ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলি অনুসরণীয়:

ক). দুঃস্থ /অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দু:স্থ /অতিদরিদ্র.পরিবারকে অগ্রাধিকার দিতে হবে ।

VGF 21/22

খ). মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ এর ধারা-৬ অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলির মধ্যে কমপক্ষে ৪ টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দু:স্থ/অতিদরিদ্র বলে গন্য হবে:

- যে পরিবারের মালিকানায় কোন জমি নাই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
- যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
- যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল ।
- যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবারটি অস্বচ্ছল ।
- যে পরিবারের স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
- যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই ।
- যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অস্বচ্ছল ।
- যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
- যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
- যে পরিবারের কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
- যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে ।
- যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।
- ইউনিয়ন/ পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যয়িত হতে হবে ।
- উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায় ।

**এতে জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন রয়েছে ।**

১০/৫/২০২৬

ইউনুছ মিয়া
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
নরসিংদী
ফোন : +৮৮০২৯৪৬৩৩৭২
মোবাইল নং-০১৭০০-৭১৬৬৮১
ইমেইল: drronarsingdi18@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর/পলাশ/শিবপুর/মনোহরদী/বেলাবো/রায়পুরা, নরসিংদী।

স্মারক নং- ৫১.০১.৬৮০০.০০৮.২০.০২১.২৬-৩৬৪

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩ ব.
১০ মে ২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ) :

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা নরসিংদী-০১/০২/০৩/০৪/০৫ ।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার , ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, নরসিংদী ।
৬। উপপরিচালক (ভিজিডি-২), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী।
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী সদর/পলাশ/শিবপুর/মনোহরদী/বেলাবো/রায়পুরা, নরসিংদী।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নরসিংদী সদর/পলাশ/শিবপুর/মনোহরদী/বেলাবো/রায়পুরা, নরসিংদী।
১০। অফিস কপি।

১০/৫/২০২৬

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
নরসিংদী